


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
(স্থানীয় সরকার শাখা)
www.sirajganj.gov.bd



স্মারক নং-৪৬.৪৩.৮৮০০.০০৫.৩২.০০১.১৯- ৬৪২

তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয় : ইউনিয়ন ও পৌরসভা ওয়েব পোর্টালে উন্নয়নসহ তথ্যাদি নিয়মিত আপলোড করার অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে সারা দেশের ন্যায় সিরাজগঞ্জ জেলায় ৮৩ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং ০৭ টি পৌরসভা ডিজিটাল সেন্টার স্থাপিত হয়েছে যা বিশ্বের বৃহত্তম ওয়েব পোর্টাল 'তথ্য বাতায়ন' এর সাথে সংযুক্ত।

২। পোর্টালসমূহের তথ্য পরিদর্শনে দেখা যায়, সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ড সঠিকভাবে/নিয়মিতভাবে আপলোড করা হচ্ছে না। ফলশ্রুতিতে সরকারের সমাপ্তকৃত/চলমান উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে জনসাধারণ অবহিত হচ্ছে না।

৩। এমতাবস্থায়, ইউনিয়ন/পৌরসভাসমূহে সমাপ্তকৃত/চলমান উন্নয়ন প্রকল্পের স্থির চিত্র/ভিডিও ক্লিপসহ গুরুত্বপূর্ণ তথ্যাদি ওয়েব পোর্টালে নিয়মিত আপলোড নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(ড. ফারুক আহাম্মদ)

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

ফোন : ০৭৫১-৬২৩৮৫

dcsirajganj@mopa.gov.bd

১। মেয়র.....পৌরসভা (সকল), সিরাজগঞ্জ।

২। চেয়ারম্যান.....ইউপি (সকল)
.....সিরাজগঞ্জ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। উপজেলা নির্বাহী অফিসার, কাটিয়াল (সকল) সিরাজগঞ্জ। (প্রতিটি ইউনিয়নে সমাপ্তকৃত/চলমান গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের তথ্যাদি আপলোড নিশ্চিত করার অনুরোধসহ)

একমাত্র রাষ্ট্রীয় কাজে ব্যবহার




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
kazipur.sirajganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৩.৮৮৫০.০০১.১৩.০০২.১৪- ২২৭

তারিখ : ১৩/১০/২০১৯ খ্রি।

উপরিউক্ত পত্রের আলোকে স্ব-স্ব পৌরসভা/ইউনিয়নের সমাপ্তকৃত/চলমান উন্নয়ন প্রকল্পের স্থির চিত্র/ভিডিও ক্লিপ, নোটিশ, খবর, ইউনিয়নের সাধারণ তথ্য, ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউপি সচিব, গ্রাম পুলিশ, বাজেট, গ্রাম আদালত মামলার তথ্য, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা, বিভিন্ন তালিকা (হত দরিদ্র, মাতৃকালীন, ভিজিডি, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা), প্রকল্পসমূহ (এলিজএসপি, এডিপি, কাবিখা, কাবিটা, টিআর ইত্যাদি) ফটোগ্যালারি, ভিডিও গ্যালারি, ইউডিসির তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত আপলোড করা প্রয়োজন।

২। এমতাবস্থায় আপনার পৌরসভা/ইউনিয়নের উন্নয়ন প্রকল্পের স্থির চিত্র/ভিডিও ক্লিপ এবং উল্লেখিত তথ্য ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করাসহ নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ জাহিদ হাসান সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।

ফোন : ০৭৫২৫-৫৬১১১
unokazipur@mopa.gov.bd

১। মেয়র, কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ।

২। চেয়ারম্যান ইউপি (সকল)

কাজিপুর, সিরাজগঞ্জ।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১। সচিব, পৌরসভা/ইউনিয়ন পরিষদ (উদ্যোক্তাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

২। উদ্যোক্তা, পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার (তাকে ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য অনুরোধ করা হলো)।